**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১১৫/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১৩ ডিসেম্বর ২০১৭, ২৯ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ওআইসি'র বিশেষ শীর্ষ সম্মেলনে যোগ দিতে ইস্তাম্বুলে রাষ্ট্রপতি
ঐতিহাসিক তোপকাপি প্যালেস ও ব্লু মসজিদ পরিদর্শন

২। নিরাপদ পৃথিবী গড়তে চাই সম্মিলিত প্রচেষ্টা : প্যারিসে ওয়ান প্লানেট সম্মেলনে প্রধানমন্ত্রী

৩। ঢাকা-প্যারিস যৌথ কমিশন গঠনে ঐক্যমত্য : শেখ হাসিনা-ম্যাক্রঁ বৈঠক

৪। বাংলাদেশ এখন বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশ : 'ট্রেড এণ্ড ট্যুরিজম এক্সপো' উদ্বোধনীতে শিল্পমন্ত্রী

৫। বহুপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণে জোরালো উদ্যোগ নিতে হবে : ডব্লিউটিও সম্মেলনে বাণিজ্যমন্ত্রী

৬। পুষ্টি পরিস্থিতি উন্নয়নে সমন্বিতভাবে কাজ করার অঙ্গীকার সব মন্ত্রণালয়ের

৭। ৯৯৯ নম্বরে জরুরি সেবা : উদ্বোধন করলেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

৮। মিয়ানমারের ওয়ার্কিং গ্রুপ ১৯ ডিসেম্বর ঢাকা আসছে

৯। বিদেশগামী কর্মীর সংখ্যা ১০ লাখ ছাড়ানোর আশা প্রবাসীমন্ত্রীর

১০। জমি অধিগ্রহণের জন্য ৩ হাজার ৫৪৮ পরিবার ক্ষতিপূরণ পাচ্ছে : পদ্মাসেতু রেল সংযোগ

১১। যুক্তরাষ্ট্রে বসবাসকারী বাংলাদেশিদের নিন্দা : নিউইয়র্কে বোমা হামলা
আকায়েদের স্ত্রী ও শ্বশুর-শাশুড়িকে ঢাকায় জিজ্ঞাসাবাদ চলছে

চলমান পাতা-২

**১। ওআইসির বিশেষ শীর্ষ সম্মেলনে যোগ দিতে ইস্তাম্বুলে রাষ্ট্রপতি ঐতিহাসিক তোপকাপি প্যালেস ও ব্লু মসজিদ পরিদর্শন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) ষষ্ঠ বিশেষ শীর্ষ সম্মেলনে যোগ দিতে গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) তুরস্কের রাজধানী ইস্তাম্বুলে পৌঁছেছেন। আজ (১৩ ডিসেম্বর বুধবার) ইস্তাম্বুলে এই শীর্ষ সম্মেলন শুরু হচ্ছে। রাষ্ট্রপতি গতকাল ইস্তাম্বুলের ঐতিহাসিক তোপকাপি প্যালেস (জাদুঘর) পরিদর্শন করেছেন। ১৪৭৮ থেকে ১৮৫৬ সাল পর্যন্ত এটি অটোমান সাম্রাজ্যের দ্বিতীয় প্রাসাদ ছিল। তিনি জাদুঘরের বিভিন্ন হল এবং প্রায় চার শতাব্দীর ঐতিহাসিক ও সাংস্কৃতিক নিদর্শন ও সমৃদ্ধ ঐতিহ্য প্রত্যক্ষ করেন। পরে রাষ্ট্রপতি ইস্তাম্বুলের প্রাচীন ব্লু মসজিদ পরিদর্শন করেন। রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীরা বাংলাদেশ দূতাবাস আয়োজিত নৈশভোজেও অংশ নেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**২। নিরাপদ পৃথিবী গড়তে চাই সম্মিলিত প্রচেষ্টা : প্যারিসে ওয়ান প্লানেট সম্মেলনে প্রধানমন্ত্রী**

নিরাপদ পৃথিবী গড়ে তুলতে বিশ্ব নেতৃবৃন্দের সম্মিলিত প্রচেষ্টা প্রত্যাশা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি জলবায়ু সংকটে সুবিচার প্রতিষ্ঠা এবং ইতিহাসের দায় মেটাতে তারা যেন তাদের প্রতিশ্রুতি পূরণ করেন উন্নত দেশগুলোর প্রতি সে আহ্বান জানান। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) ফ্রান্সের প্যারিসে ওয়ান প্লানেট সামিটে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্যারিস চুক্তি বাস্তবায়নে তাঁর অঙ্গীকারের কথা পুনরায় উল্লেখ করেন এবং জলবায়ু পরিবর্তন ইস্যুতে ফরাসি প্রেসিডেন্ট ম্যাক্রঁর নেতৃত্বের প্রশংসা করেন। প্রধানমন্ত্রী আরও বলেন, মিয়ানমার থেকে বিপুল সংখ্যক রোহিঙ্গা আগমনের ফলে বাংলাদেশের বন ও পরিবেশের ওপর মারাত্মক ক্ষতিকর প্রভাব পড়েছে। এর ফলে জলবায়ু পরিবর্তনের অভিযোজনের ওপর ভয়াবহ চ্যালেঞ্জ সৃষ্টি হয়েছে। তিনি বলেন, মিয়ানমার থেকে বাস্তুচ্যুত প্রায় ১০ লাখ রোহিঙ্গা আসার ফলে বাংলাদেশ বড় ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন। মানবিক কারণে আমরা কক্সবাজারে ১ হাজার ৭৮৩ হেক্টর বনভূমির ওপর তাদের আশ্রয় দিয়েছি। এ শীর্ষ সম্মেলনে একশ বিশ্ব নেতাসহ বেসরকারি সংগঠন, ফাউন্ডেশন এবং সরকারি ও বেসরকারি খাতের প্রায় ২ হাজার প্রতিনিধি অংশ নিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৩। ঢাকা-প্যারিস যৌথ কমিশন গঠনে ঐকমত্য : শেখ হাসিনা-ম্যাক্রঁ বৈঠক**

রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখতে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রঁর সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ছাড়া বাণিজ্য, অর্থনীতি ও অন্যান্য অগ্রাধিকার ক্ষেত্রে সহযোগিতার সুযোগ-সুবিধা অনুসন্ধানে একটি যৌথ কমিশন গঠনে সম্মত হয়েছে ঢাকা ও প্যারিস। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) প্যারিসের এলিসি প্রাসাদে ফ্রান্সের প্রেসিডেন্ট ও বাংলাদেশের প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপক্ষীয় বৈঠকে এ সিদ্ধান্ত হয়। ফরাসি প্রেসিডেন্ট রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানের জন্য তাদের অব্যাহত মানবিক সাহায্য এবং সকল বিশ্বসংস্থায় ভূমিকা রাখার ব্যাপারে প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেন। বৈঠকে রোহিঙ্গা ইস্যু ও জলবায়ু পরিবর্তনসহ পাঁচটি বিষয়ে আলোচনা হয়। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফ্রান্সের প্রেসিডেন্টের প্রাসাদে পৌঁছলে তাঁকে স্বাগত জানান ম্যাক্রঁ। সেখানে তাঁকে গার্ড অভ্ অনার প্রদান করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২) **প্রথম আলো, ইত্তেফাক, জনকণ্ঠ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্টসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৪। **বাংলাদেশ এখন বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশ : 'ট্রেড এণ্ড ট্যুরিজম এক্সপো' উদ্বোধনীতে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছে বলেই আজ বাংলাদেশে আন্তর্জাতিকমানের বাণিজ্য ও পর্যটন প্রদর্শনীর আয়োজন সম্ভব হয়েছে। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে ১১তম এশিয়ান ইন্টারন্যাশনাল ট্রেড এন্ড ট্যুরিজম এক্সপো-২০১৭ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন । শিল্পমন্ত্রী বলেন, গত অর্থবছরে ৭ দশমিক ২৮ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করে বাংলাদেশ গোটা বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছে। জাতীয় প্রবৃদ্ধিতে শিল্পখাতের অবদান ক্রমেই বেড়ে চলেছে। ইতোমধ্যে জাতীয় আয়ে শিল্পখাতের অবদান শতকরা ৩২ ও কৃষিখাতের অবদান শতকরা ১৫ এবং সেবাখাতের অবদান শতকরা ৫৩ ভাগে উন্নীত হয়েছে। তিনি আরো বলেন ক্রয়ক্ষমতার বিবেচনায় বাংলাদেশ এখন বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশ। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের মূল্যায়নে বিশ্বের দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। চারদিনব্যাপী এই প্রদর্শনীতে থাইল্যান্ড, চীন, ভারত, পাকিস্তান, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, নেপাল, ভুটান, মালয়েশিয়া ও বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে প্রায় ১২০ দেশি-বিদেশি উদ্যোক্তা প্রতিষ্ঠান অংশ নিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.৫)।

৫। **বহুপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণে জোরালো উদ্যোগ নিতে হবে : ডব্লিউটিও সম্মেলনে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বহুপক্ষীয় বাণিজ্য ব্যবস্থা সম্প্রসারণে বিশ্ববাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) উদ্যোগ জোরদার করতে হবে। উন্নত বিশ্বে পণ্যের শুল্ক ও কোটামুক্ত প্রবেশ, পণ্যের উৎসবিধির শর্ত শিথিল, সেবা খাতে নিয়ম-কানুন সহজ করাসহ স্বল্পোন্নত দেশগুলোর জন্য নেওয়া সিদ্ধান্ত বাস্তবায়নে ডব্লিউটিওকে আরও উদ্যোগী হতে হবে। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) আর্জেন্টিনার রাজধানী বুয়েন্স আয়ার্সে ডব্লিউটিওর মন্ত্রিপর্যায়ের ১১তম সম্মেলনের প্রথম সেশনে দেওয়া বক্তব্যে তোফায়েল আহমেদ এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, বিশ্ববাণিজ্যে বাংলাদেশ সক্ষমতা অর্জন করেছে, পেপারলেস ট্রেডে বাংলাদেশ এখন সক্ষম। এর আগে বাণিজ্যমন্ত্রী আঙ্কটাডের মহাসচিব মুকিশা কিতুয়ির সঙ্গে বৈঠক করেন। বৈঠকে মন্ত্রী বলেন, বাংলাদেশ এসডিজি অর্জনে আঙ্কটাডের সহযোগিতা কাজে লাগাচ্ছে। এছাড়া আর্জেন্টিনায় অবস্থানরত বাংলাদেশিদের এক সংবর্ধনায় যোগ দেন মন্ত্রী। তিনি সেখানে বলেন, আর্জেন্টিনায় বাংলাদেশের দূতাবাস খোলার বিষয়ে বাংলাদেশ সরকার উদ্যোগ নেবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৬। **পুষ্টি পরিস্থিতি উন্নয়নে সমন্বিতভাবে কাজ করার অঙ্গীকার সব মন্ত্রণালয়ের**

দেশের পুষ্টি পরিস্থিতি উন্নয়নে সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় সমন্বিতভাবে কাজ করার অঙ্গীকার করেছে। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর বিয়াম মিলনায়তনে দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্ম-পরিকল্পনা অবহিতকরণ সভায় স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের আহ্বানের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা এ অঙ্গীকার করেন। ২০১৬ থেকে ২০২৫ সালের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। দ্বিতীয় জাতীয় পুষ্টি পরিকল্পনাকে একটি জাতীয় দলিল আখ্যায়িত করে কৃষিমন্ত্রী বলেন, পুষ্টি পরিকল্পনা বাস্তবায়ন প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গীকার। এ কাজে কৃষি মন্ত্রণালয় সবসময় পাশে থাকবে। অনুষ্ঠানে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি, সমাজকল্যাণ প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ পুষ্টি পরিস্থিতির উন্নয়নে স্ব স্ব মন্ত্রণালয়ের পক্ষে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৭। ৯৯৯ নম্বরে জরুরি সেবা : উদ্বোধন করলেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

শুরু হলো পুলিশ, ফায়ার সার্ভিস ও এম্বুলেন্সসেবা প্রদানের আনুষ্ঠানিক কার্যক্রম। ৯৯৯ নম্বরে ফোন করলেই পাওয়া যাবে এই সেবা। আর এক্ষেত্রে মোবাইল ফোনে টাকা না থাকলেও কোন অসুবিধা নেই। ভবিষ্যতে সামাজিক যোগাযোগ মাধ্যম ও ইন্টারনেটের মাধ্যমেও এই সেবা পাওয়া যাবে। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে সেবাটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। অনুষ্ঠানে আইসিটি উপদেষ্টা বলেন, উন্নত দেশের মতো নাগরিকরা দেশের যে কোনো প্রান্ত থেকে যে কেউ মোবাইল ফোনের মাধ্যমে ৯৯৯ নম্বরে সম্পূর্ণ 'টোল ফ্রি' কল করে জরুরি পুলিশিসেবা, ফায়ার সার্ভিস ও এম্বুলেন্স সেবা নিতে পারবেন। উদ্বোধনশেষে সজীব ওয়াজেদ জয় ঢাকার আব্দুল গণি রোডের মহানগর পুলিশের ক্রাইম কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারে জাতীয় জরুরি সেবা-৯৯৯ কেন্দ্র ঘুরে দেখেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৮। মিয়ানমারের ওয়ার্কিং গ্রুপ ১৯ ডিসেম্বর ঢাকা আসছে**

রোহিঙ্গাদের পুনর্বাসনের জন্য ঢাকা ও নেপিদোর মধ্যে দ্বিপক্ষীয় চুক্তি সম্পাদনের জন্য আগামী ১৯ ডিসেম্বর বাংলাদেশ সফর করবে মিয়ানমারের ওয়ার্কিং গ্রুপের একটি প্রতিনিধিদল। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) ফ্রান্সের এলিসি প্যালেসে দ্বিপক্ষীয় বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী ফ্রান্সের প্রেসিডেন্টকে জানান, রোহিঙ্গাদের পুনর্বাসনের বিষয়ে গত ২৩ নভেম্বর বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে একটি দ্বিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫)।

**৯। বিদেশগামী কর্মীর সংখ্যা ১০ লাখ ছাড়ানোর আশা প্রবাসীমন্ত্রীর**

জনশক্তি রফতানিতে চলতি বছর অতীতের সব রেকর্ড ভেঙে গেছে। চলতি বছরে গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) পর্যন্ত মোট ৯ লাখ ৫৯ হাজার ৩৫৪ জন কর্মী বিদেশ গেছেন। মাসের বাকি দিনগুলোয় এ সংখ্যা ১০ লাখ ছাড়াবে বলে আশাপ্রকাশ করেছেন প্রবাসী কল্যাণমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) প্রবাসী কল্যাণ ভবনে মিট দ্য প্রেস অনুষ্ঠানে মন্ত্রী জানান, চলতি বছরে রেকর্ড সংখ্যক নারীকর্মী চাকরি নিয়ে বিদেশ গেছেন। গত ৩০ নভেম্বর পর্যন্ত ১ লাখ ১৩ হাজার নারীকর্মী বিদেশ গেছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.২)।

**১০। জমি অধিগ্রহণের জন্য ৩ হাজার ৫৪৮ পরিবার ক্ষতিপূরণ পাচ্ছে : পদ্মাসেতু রেল সংযোগ**

পদ্মাসেতু রেল সংযোগ প্রকল্পের প্রথম অংশে ঢাকা হতে মাওয়া হয়ে ভাঙ্গা পর্যন্ত ৮২ দশমিক ৩৫ কিলোমিটার রেলপথ নির্মাণ করা হবে। এজন্য ৩৫৮ দশমিক ৪১ হেক্টর জমি অধিগ্রহণ করা হচ্ছে। প্রকল্প এলাকায় ৩ হাজার ৫৪৮ ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ ও পুনর্বাসন করা হচ্ছে। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) নারায়ণগঞ্জের পাগলায় আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। বাংলাদেশ সেনাবাহিনীর কনস্ট্রাকশন সুপারভিশন কনসালট্যান্ট (সিএসসি) ও বাংলাদেশ রেলওয়ের সহযোগিতায় প্রকল্প বাস্তবায়নকারী বেসরকারি সংস্থা ডরপ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মাঝে চেক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**১১। যুক্তরাষ্ট্রে বসবাসকারী বাংলাদেশিদের নিন্দা : নিউইয়র্কে বোমা হামলা আকায়েদের স্ত্রী ও শ্বশুর-শাশুড়িকে ঢাকায় জিজ্ঞাসাবাদ চলছে**

নিউইয়র্কের ম্যানহাটনে গত সোমবারের (১১ ডিসেম্বর) বোমা হামলার নিন্দা জানিয়েছেন যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশিরা। গতকাল (১২ ডিসেম্বর মঙ্গলবার) স্থানীয় সময় বিকেলে এর বিরুদ্ধে মিছিল বের করারও ঘোষণা দিয়েছেন তারা। এক বিবৃতিতে তারা জানিয়েছেন, একজন নির্দিষ্ট ব্যক্তির কর্মকাণ্ডের দায় পুরো কমিউনিটির ওপর বর্তায় না। অপরদিকে বোমা হামলায় সাথে জড়িত সন্দেহভাজন আকায়েদ উল্লাহর স্ত্রী ও তার বাবা-মাকে ঢাকায় জিজ্ঞাসাবাদ করছে পুলিশের কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্স ন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। সিটিটিসি'র অতিরিক্ত উপকমিশনার মোহাম্মদ সাইফুল ইসলাম বলেন, এ ঘটনার সঙ্গে আকাইদ জড়িত কী জড়িত না সে বিষয়ে আমরা জিজ্ঞাসাবাদ করছি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের হাইটেক পার্ক নির্মাণসহ বিভিন্ন উদ্যোগের সফলতা কামনা।

খ. **ভোরের কাগজ :** পেঁয়াজের ক্রমাগত মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণের পাশাপাশি নিত্যপ্রয়োজনীয় সব পণ্যের দাম স্থিতিশীল রাখতে জরুরি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** রাজধানীতে অ্যাপসভিত্তিক যাত্রী পরিবহণ ব্যবস্থা যাত্রীদের ভোগান্তি কমানোর পাশাপাশি সময় ও অর্থের অপচয়রোধ করছে উল্লেখ করে এর সাথে সাথে এসব সার্ভিস নিয়ন্ত্রণ ও শৃঙ্খলার মধ্যে রাখার প্রত্যাশা।

ঘ. **যায়যায়দিন :** স্বাস্থ্যখাতের নানা অনিয়ম দূর করে জনগণের জন্য যথাযথ স্বাস্থ্যসেবা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বায়ু দূষণে প্রতিবছর ১ শতাংশ জিডিপি কমে যাওয়ার বিষয়ে বিশ্ব ব্যাংকের রিপোর্টের পরিপ্রেক্ষিতে জনস্বার্থে বায়ুসহ সব ধরনের দূষণ প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সচেষ্ট হওয়ার আহ্বান।

চ. **ডেইলি সান :** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মানবাধিকার নিশ্চিত করতে সরকারি-বেসরকারি সব সংস্থাকে একসাথে কাজ করার মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পথ সুগম করার সুপারিশ।

ছ. **নিউ নেশন :** কোনো শিক্ষার্থী ভর্তি না করানো অথবা খুব অল্প সংখ্যক শিক্ষার্থী থাকায় প্রায় ১৫০০ কলেজ বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত বাস্তবায়ন করে সরকারি অর্থের অপচয় বন্ধ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, স্বাধীনতার আর্দশ ও লক্ষ্য ধারণ করে বাংলাদেশকে অর্থনৈতিক সমৃদ্ধির পথে এগিয়ে নিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'কৃষির যান্ত্রিকীকরণ এখন সময়ের দাবি'** শিরোনামের নিবন্ধে টেকসই কৃষি উন্নয়ন তথা বিভিন্ন ফসল ও শস্য বহির্ভূত কৃষিখাতের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি যান্ত্রিকীকরণ এখন সময়ের দাবি বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা